

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১৫২

তারিখ: ৫ বৈশাখ ১৪২৯

১৮ এপ্রিল ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৩৩৫১/২০২২ এর গত ০৮.০৩.২০২২ তারিখের
অন্তর্বর্তীকালীন আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল দায়ের সংক্রান্ত।

জনাব রোকসানা আহমদে রক্সি, সহযোগী অধ্যাপক (ইংরেজি), লালমানিয়া মহিলা কলেজ, লালমাটিয়া, মোহাম্মদপুর,
ঢাকা বেসরকারি আমলের পদ-পদবী, বেতন পদোন্নতি, উচ্চতর গ্রেড এবং চলমান বেতন ভাতা সংরক্ষণ ও প্রতিষ্ঠান
হতে বেতন ভাতা কর্তন সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩৩৫১/২০২২ দায়ের করেন।

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৩৩৫১/২০২২
এর গত ০৮.০৩.২০২২ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল
(CMP/CP) দায়েরসহ হাইকোর্ট বিভাগের আদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত
২৮.০৩.২০২২খ্রি. তারিখে ৩৭.০২.০০০০.১১১.৩৩.৩৮.২০২২-১১০/২ সংখ্যক স্মারকে বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও
সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, অ্যাটর্নী জেনারেল অফিসকে পত্র দেয়া হয়েছে। মহামান্য হাইকোর্ট বিভাগের
রিট পিটিশন নং- ৩৩৫১/২০২২ এর বিষয়ে আপিল দায়ের করা হয়েছে। আপিল মামলা পরিচালনার জন্য জনাব হরিপদ
পালকে কৌশলী হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

অধ্যক্ষ, লালমাটিয়া সরকারি মহিলা কলেজ কর্তৃক আবেদনের প্রেক্ষিতে সচিব মহোদয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বিভাগের নিয়োগপ্রাপ্ত বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৩৩৫১/২০২২
মামলাটি পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩৩৫১/২০২২ মামলাটি পরিচালনাসহ অন্তর্বর্তীকালীন
আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল দায়ের করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৮-৪-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

জনাব শেখ রিয়াজুল হক

বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ৩,


সেগুনবাগিচা, সাজান টাওয়ার-২, ফ্লাট-৩/সি, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১৫২/১

তারিখ: ৫ বৈশাখ ১৪২৯
১৮ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) অধ্যক্ষ, লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-৪-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব